



৪ বছর মেয়াদি এলএল.বি (অনার্স) প্রোগ্রাম ভর্তি বিজ্ঞপ্তি শিক্ষাবর্ষ ২০২০-২০২১

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল-এর অধীন ৪ বছর মেয়াদি এলএল.বি (অনার্স) প্রোগ্রামের ভর্তি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্রে শিক্ষার্থীদের ক্লাস সোমবার, মঙ্গলবার, বুধবার ও বৃহস্পতিবার অনুষ্ঠিত হবে। তবে কর্মজীবী/চাকুরিজীবী শিক্ষার্থীদের ক্লাস প্রতি শুক্রবার ও শনিবার অনুষ্ঠিত হবে। প্রতি কোর্সে প্রথম ক্ষেত্রে ৭৫% ক্লাসে উপস্থিত থাকা এবং দ্বিতীয় ক্ষেত্রে ৫০% ক্লাসে উপস্থিত থাকা বাধ্যতামূলক। শিক্ষাগত যোগ্যতার শর্ত পূরণ করে যে কোন শিক্ষার্থী আবেদন করতে পারবে। আসনের ৫% কোটা মুক্তিযোদ্ধাদের সন্তান, পোষ্য এবং নৃগোষ্ঠীর জন্য সংরক্ষিত থাকবে।

বৈশিষ্ট্যসমূহ

- ◆ চার বছরে মোট ৪০টি কোর্স বা ১২০ ক্রেডিট সম্পন্ন করতে হবে (প্রতি কোর্স= ৩ ক্রেডিট)।
- ◆ প্রতি শিক্ষাবর্ষ ছয় মাস মেয়াদি ২টি সিমস্টারে বিভক্ত। প্রতি সিমস্টারে কোর্স সংখ্যা- ৫টি। শিক্ষার্থী প্রয়োজনে প্রতি সিমস্টারে ন্যূনতম ৩টি কোর্সেও রেজিস্ট্রেশন করতে পারবে। প্রতি সিমস্টার শেষে পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- ◆ রেজিস্ট্রেশনের মেয়াদ ৮ (আট) বছর পর্যন্ত বহাল থাকবে।

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতা

- ◆ ৪ বছর মেয়াদি এলএল.বি পড়তে আগ্রহী আবেদনকারীদের এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় পৃথকভাবে ৫০% নম্বর করে দ্বিতীয় বিভাগ বা জিপিএ ৩.৫০ করে থাকতে হবে। সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে।

ভর্তি সংক্রান্ত তথ্য:

শুধুমাত্র Online- এ আবেদন করা যাবে।

আবেদনের সময়সীমা

: ২২ মার্চ, ২০২১ থেকে ৩১ মে, ২০২১ পর্যন্ত।

লিখিত পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য বিষয়াদি : পরবর্তীকালে বাউবি'র ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

বাউবি'র ওয়েব সাইট

: www.bou.edu.bd

ভর্তি পরীক্ষা পদ্ধতি

- ❖ বহুনির্বাচনী (MCQ) প্রশ্নের ভিত্তিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার প্রশ্নের মান বন্টন : বাংলা- ২৫, ইংরেজি-২৫, সাধারণ জ্ঞান: বাংলাদেশ বিষয়াবলি-২৫ ও আন্তর্জাতিক বিষয়াবলি-২৫।
- ❖ পাস নম্বর : ৪০। প্রতি অংশে ৪০% নম্বর পেতে হবে।
- ❖ প্রতি ব্যাচের আসন সংখ্যা ৬০।

আবেদন প্রক্রিয়া:

Online (<http://osaps.bou.edu.bd>)- এ প্রদত্ত তথ্য পূরণ করা শেষে SMS এর মাধ্যমে temporary user ID ও password পাওয়া যাবে। এরপর Payment Option- এ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা ও চার্জ/কমিশন বিকাশ/DBBL/শিওরক্যাশ-এর মাধ্যমে প্রদান করতে হবে। ট্রানজেকশন আইডি ও মোবাইল নম্বর নির্দিষ্ট স্থানে পূরণ করে Submit বাটনে ক্লিক করলে একটি SMS ও e-mail এ “payment successful” Message পাওয়ার মাধ্যমে Online আবেদন সম্পন্ন হবে। প্রয়োজনে আইসিটি হেড, আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টার, বাউবি, গাজীপুর-১৭০৫ বরাবর আবেদন করতে হবে। Online-এ ভর্তির আবেদন করার শেষ তারিখের ০৩ (তিন) কর্ম দিবসের পর কোনো অভিযোগ গ্রহণযোগ্য হবে না। Temporary User ID ও Password ব্যবহার করে প্রদর্শিত আবেদনপত্রটি প্রিন্ট করে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র ও নম্বরপত্রসমূহ ২২/০৩/২০২১ থেকে ৩১/০৫/২০২১ তারিখের মধ্যে ঢাকা আঞ্চলিক কেন্দ্রের (৪/ক, গভ. ল্যাবরেটরী স্কুল রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫) ১০৩ নম্বর কক্ষ/তথ্য কেন্দ্রে জমা দিতে হবে। Online এ ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য (<http://osaps.bou.edu.bd>)-এর Helpline- এ উল্লেখিত ফোন নম্বরসমূহে অথবা বাউবি'র ঢাকা আঞ্চলিক কেন্দ্রের ১০৩ নম্বর কক্ষ/তথ্য কেন্দ্রে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা বাউবি'র ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

ভর্তি পদ্ধতি:

- ◆ মেধাক্রম অনুযায়ী ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ পরবর্তী নির্দেশ ও নিয়ম অনুযায়ী ভর্তি হবে।

- ◆ (ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোনো তথ্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারী এবং শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে।)

Helpline: Available Time: 9:00 am to 1:00 pm; 01635832845, 01907451614

Available Time: 2:00 pm to 6:00 pm; 01635832846, 01907451612

(অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর আলম)

সভাপতি, ভর্তি কমিটি

ও

ডিন

সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫।